গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।
(www.dvd.gov.bd)

স্মারক নং-৩৪.০১.০০০০.০৩৬.১১.০৩২.১২-০৯

তারিখঃ ০৮ মাঘ,১৪২২ বাং
২১-০১-২০১৬ খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ" [Project on Strengthening Training Programme at Upazila Level for Creation of Employment and Self-employment] প্রকল্পের আওতায় নিম্নোক্ত ১টি পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প মেয়াদে (ডিসেম্বর ২০১৭ পর্যন্ত) মাসিক সাকুল্যে বেতনে জনবল নিয়োগের নিমিত্ত পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতা, অভিজ্ঞতা এবং শর্ত সাপেক্ষে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| নং | পদের নাম | পদ সংখ্যা | জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ০১ | কম্পিউটার অপারেটর | ০১ (এক)টি | গ্রেড-১১ | ১৮-৩০ বৎসর | নূন্যতম ডিগ্রী / সমমান পাশ। কম্পিউটার MS-Office (MS-word, MS-Excel & MS-Powerpoint) বিষয়ে জ্ঞান থাকতে হবে। |

শর্তাবলীঃ

০১। আবেদন ফরম এবং লিখিত পরীক্ষার প্রবেশপত্র যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইট www.dvd.gov.bd এর লোকেশন: প্রশাসনিক আদেশ(প্রকল্প) " প্রশিক্ষণ জোরদারকরণ" প্রকল্প এ পাওয়া যাবে। ডাউনলোডকৃত আবেদন ফরম এবং প্রবেশপত্র (২কপি) যথাযথভাবে পূরণপূর্বক আগামী ১৮-০২-২০১৬ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই প্রকল্প পরিচালক, "কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ" প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন, ১০৮, মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০ বরাবরে ডাকযোগে পৌছাতে হবে। নির্ধারিত তারিখের পর এবং হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। উল্লেখ্য আবেদন ফরমের নির্ধারিত স্থানে ০১কপি ছবি এবং প্রবেশপত্রের নির্ধারিত স্থানে ০১ কপি করে ছবি আঠা দিয়ে লাগাতে হবে। এ ছাড়া অতিরিক্ত ০১ কপি ছবি (১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে;

০২। এ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদটি প্রকল্পের বিধায় সম্পূর্ণ অস্থায়ী এবং পদটি প্রকল্পের স্থায়িত্বের উপর নির্ভরশীল। নির্বাচিত প্রার্থীর নিয়োগ পত্র একাধারে প্রকল্প সমাপ্তিতে অব্যাহতি পত্র হিসাবে গণ্য হবে;

০৩। নির্ধারিত সাকুল্য বেতন এবং উৎসবভাতাদি জাতীয় বেতন স্কেল-২০১৫ এর গ্রেড অনুসারে সরকারের প্রচলিত বিধি মোতাবেক নির্ধারিত হবে;

০৪। আবেদন পত্রের সাথে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে ৩০০/-(তিনশত) টাকা বাংলাদেশ ব্যাংক/ সোনালী ব্যাংকে "১/৩৬৪০/০০০০/২০৩১" নং কোডে ট্রেজারী চালানের মাধ্যমে জমাপূর্বক চালানের মূলকপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। কোন প্রকার পোস্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট গ্রহণযোগ্য হবে না;

০৫। আবেদনকারীর নামসহ যোগাযোগের ঠিকানা(বর্তমান ঠিকানা) সম্বলিত অব্যবহৃত ১০(দশ) টাকা মূল্যমানের ডাকটিকেটযুক্ত ১০´×৪.৫´ সাইজের একটি ফেরৎ খাম (খামের উপর নিজ জেলা ও পদের নামসহ) আবেদনের সাথে প্রেরণ করতে হবে। কোন বিশেষ কোটার বিপরীতে আবেদন করলে খামের উপর তা উল্লেখ করতে হবে;

০৬। আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রের ফটোকপি (প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) দাখিল করতে হবে;

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি;

(খ) কম্পিউটার প্রশিক্ষণের বিষয়ে কোন স্বীকৃত প্রতিষ্ঠানের প্রশিক্ষণ সনদ দাখিল করতে হবে;

(গ) পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের নিকট হতে নাম সম্বলিত সীলমোহরসহ প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

(ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদের সত্যায়িত কপি;

(ঙ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা তাদের সন্তানদের ক্ষেত্রে অবশ্যই সরকারের সর্বশেষ সার্কুলার অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পিতা/মাতার মুক্তিযোদ্ধা সার্টিফিকেটের অনুলিপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে;

(চ) উপজাতি,প্রতিবন্ধী,আনসার ও ভিডিপি কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপর্যুক্ত কর্তৃপক্ষের নিকট থেকে সংশ্লিষ্ট সনদ দাখিল করতে হবে;

(ছ) ব্যবহারিক,মৌখিক পরীক্ষার অংশগ্রহণের সময় দাখিলকৃত সকল কাগজপত্রের মূলকপি সংগে আনতে হবে;

০৭ ১৮-০২-২০১৬ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স কমপক্ষে ১৮ থেকে সর্বোচ্চ ৩০ বৎসর হতে হবে; প্রতিবন্ধী এবং মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোনরূপ এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

০৮। সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন পত্র ১৮-০২-২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে ডাক যোগে নিম্নস্বাক্ষরকারী বরাবরে পৌছতে হবে। এ ক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না;

০৯। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন কোন কারণ দর্শানো ব্যাতিরেকে বাতিল বলে বিবেচিত হবে;

১০। শুধুমাত্র নিয়োগ বিজ্ঞপ্তির শর্ত মোতাবেক সঠিকভাবে প্রাপ্ত আবেদনকারীদেরকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের স্থান, তারিখ ও সময়সূচি সম্পর্কে যথাসময়ে অবগত করা হবে;

১১ প্রার্থীদের লিখিত,ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না;

১২। কর্তৃপক্ষ যেকোন আবেদন গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

২৯/১/১৬

(এ,এইচ,এম সামসুজ্জামান)
প্রকল্প পরিচালক(উপ-সচিব)
কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা
পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ প্রকল্প
যুব উন্নয়ন অধিদপ্তর,ঢাকা ।
ফোনঃ ৭১২০৬৬০

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াধীন যুব উন্নয়ন অধিদপ্তরের আওতায় "কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ" শীর্ষক প্রকল্প।

পাসপোর্ট সাইজের এক কপি ছবি আঠা দিয়ে লাগাতে হবে।

## প্রকল্পের চাকুরীর আবেদন ফরম

| | | | | |
|---|---|---|---|---|
| ১। | পদের নামঃ | | | |
| ২। | বিজ্ঞপ্তির নম্বরঃ | | তারিখঃ | |
| ৩। | প্রার্থীর নামঃ | বাংলায়ঃ | | |
| | | ইংরেজীতে(বড় অক্ষরে)ঃ | | |
| ৪। | জাতীয় পরিচয়পত্র নম্বরঃ | | | (যে কোন ০১টি) |
| | জন্ম নিবন্ধন নম্বরঃ | | | |
| ৫। | জন্ম তারিখঃ | | ৬. জন্মস্থান(জেলা)ঃ | |
| ৭। | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়সঃ | বৎসরঃ | মাসঃ | দিনঃ |
| ৮। | মাতার নামঃ | | | |
| ৯। | পিতার নামঃ | | | |

| | ঠিকানাঃ | বর্তমান | স্থায়ী |
|---|---|---|---|
| ১০। | বাসা ও সড়ক(নাম/নম্বর) | | |
| | গ্রাম/পাড়া/মহল্লাঃ | | |
| | ইউনিয়ন/ওয়ার্ডঃ | | |
| | ডাকঘরঃ | | |
| | পোস্ট কোড নম্বরঃ | | |
| | উপজেলাঃ | | |
| | জেলাঃ | | |

| | | | |
|---|---|---|---|
| ১১। | যোগাযোগ ঃ | মোবাইল নম্বরঃ | ই-মেইল(যদি থাকে)ঃ |
| ১২। | জাতীয়তা ঃ | ১৩। | জেন্ডার ঃ |
| ১৪। | ধর্মঃ | ১৫। | পেশা ঃ |

১৬। শিক্ষাগত যোগ্যতাঃ

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | |
|---|---|---|---|
| ১৭। | অতিরিক্ত যোগ্যতা(যদি থাকে) | | |
| ১৮। | অভিজ্ঞতা বিবরণ(প্রযোজ্য ক্ষেত্রে) | | |
| ১৯। | কোটা(টিক দিন)ঃ | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনী | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য / অন্যান্য উল্লেখ করুনঃ |

২০। প্রযোজ্য ক্ষেত্রেঃ

| মুক্তিযোদ্ধা অভিভাবকের নাম | মুক্তিযোদ্ধা অভিভাবকের পিতার নাম | উপজেলা/জেলার নাম | জন্ম তারিখ | মুক্তিবার্তা নম্বর, গেজেট নম্বর ও তারিখ | সনদ নং, তারিখ ও স্মারক নং |
|---|---|---|---|---|---|
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১। | চালান নং | | তারিখঃ | |
| | ব্যাংক ও শাখার নামঃ | | | |
| ২২ | বিভাগীয় প্রার্থী কিনা ( টিক দিন)ঃ | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে উল্লিখিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সনদপত্র ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখঃ

প্রার্থীর স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

১ কপি পাসপোর্ট সাইজের ছবি আঠা দিয়ে লাগাতে হবে।

# প্রবেশ পত্র

**(অফিস কর্তৃক পূরণীয়)**

| | | |
|---|---|---|
| **রোল নং** | ঃ | |
| পদের নাম | ঃ | |
| পরীক্ষার স্থান | ঃ | |
| পরীক্ষার তারিখ | ঃ | |
| পরীক্ষার সময় | ঃ | |

(আবেদনকারী কর্তৃক পূরণীয়)

প্রতি,

জনাব/বেগম ----------------------------------------
----------------------------------------

পিতা/মাতার নাম-------------------------------------

বর্তমান/যোগাযোগের ঠিকানা--------------------------

--------------------------------------------------

--------------------------------------------------

--------------------------------------------------

বিষয়ঃ "কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ" শীর্ষক প্রকল্প **"কম্পিউটার অপারেটর"** পদে লিখিত,ব্যবহরিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ প্রসংগে।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াধীন যুব উন্নয়ন অধিদপ্তরের আওতায় "কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ" শীর্ষক প্রকল্প **"কম্পিউটার অপারেটর"** পদে নিয়োগের জন্য আপনার আবেদনের প্রেক্ষিতে বর্ণিত স্থান, তারিখ ও সময়ে লিখিত,ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করার জন্য এই প্রবেশপত্রসহ সকল মূল সনদপত্র নিয়ে উপস্থিত থাকতে অনুরোধ করা হলো। এ প্রবেশ পত্র ব্যতীত পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না। পরীক্ষার হলে মোবাইল ফোন, ক্যালকুলেটর ও অন্য কোন ইলেকট্রনিক্স ডিভাইস সাথে রাখা যাবে না।

**প্রকল্প পরিচালক**
"কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ "প্রকল্প
**যুব উন্নয়ন অধিদপ্তর**
**১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।**

বিঃ দ্রঃ "অফিস কর্তৃক পূরণীয়" অংশটুকু ব্যতিত যোগাযোগ ঠিকানা আবেদনকারী কর্তৃক পূরণ করতে হবে।